বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
আইন বিভাগ

পি, এ, বি, এক্স- ৯৫৬০০২১-৫
৯৫৬০০৩১-৫
ফোন ঃ ৯৫৫৩০০১

প্রকা/আইন -১১৮৬/২০২০-২০২১/ ৫৪৬(১৫)

তারিখঃ ১৬-১১-২০২০ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

*''বিষয়টি অতীব জরুরী''*

বিষয়ঃ অর্থঋণ আদালত আইন-২০০৩ এর আওতায় অর্থঋণ আদালতে দায়েরকৃত মামলা এবং অন্যান্য আদালতে দায়েরকৃত মামলাসমূহ আদালতের বাহিরে বিকল্প বিরোধ নিস্পত্তির (**Aternative Dispute Resolution**) কার্যক্রম জোরদার এবং লক্ষ্যমাত্রা অর্জনের কলা-কৌশল গ্রহন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপযুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়,মতিঝিল,ঢাকা এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ হতে সুত্র নং- বিআরপিডি (টাস্কফোর্স) / ৭৪৫ / ১ / ২০২০-৭৭০৬ তারিখঃ ২১-০৯-২০২০ ইং মোতাবেক ঋণ আদায়ের ক্ষেত্রে আদালতের বাইরে **Aternative Dispute Resolution (ADR)** প্রক্রিয়া সহজতর ও সন্তোষজনক উল্লেখ করে যথাযথ কার্যক্রম জোরদার করার পরামর্শ প্রদান করেছেন। অর্থঋণ আদালতে দায়েরকৃত মামলাসমূহ বিকল্প বিরোধ পদ্ধতিতে নিস্পত্তি সংক্রান্ত ৩০-০৬-২০২০ তারিখ ভিত্তিক প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনায় মামলাসমূহ নিষ্পত্তির হার কোন বিভাগেরই সন্তোষজনক নয় মর্মে প্রতিয়মান হয়। অর্থঋণ আদালতসহ অন্যান্য আদালতে দায়েরকৃত মামলাসমূহ আদালতের বাহিরে বিকল্প বিরোধ নিস্পত্তির সকল কলাকৌশল প্রয়োগের মাধ্যমে মামলাসমূহ নিস্পত্তি পূর্বক মামলায় জড়িত বিপুল পরিমাণ শ্রেণীকৃত ঋণ আদায়/হ্রাসের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব। ৩০-০৬-২০১৯ ইং হতে ৩০-০৬-২০২০ ইং তারিখ পর্যন্ত বিকল্প বিরোধ পদ্ধতিতে (**ADR**) অর্থঋণ মামলা নিস্পত্তির ক্রমপুঞ্জিভূত চিত্র নিম্নরুপ ঃ-

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | বিভাগের নাম | বিকল্প পদ্ধতিতে নিস্পত্তির জন্য প্রক্রিয়াধীণ প্রেরিত মামলা (ক্রমপঞ্জিভূত) | | ৩০-০৬-২০২০ ভিত্তিক বিকল্প পদ্ধতিতে নিস্পত্তিকৃত মামলা (ক্রমপঞ্জিভূত) | | | ৩০-০৬-২০১৯ ভিত্তিক বিকল্প পদ্ধতিতে নিস্পত্তিকৃত মামলা (ক্রমপঞ্জিভূত) | | | ৩০-০৬-২০১৯ইং হতে ৩০-০৬-২০২০ তারিখ পর্যন্ত নিস্পত্তি। | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | দাবীকৃত অর্থের পরিমাণ | সংখ্যা | দাবীকৃত অর্থের পরিমাণ | প্রকৃত আদায় | সংখ্যা | দাবীকৃত অর্থের পরিমাণ | প্রকৃত আদায় | সংখ্যা | আদায়কৃত অর্থের পরিমাণ |
| ০১ | ঢাকা | ৮৫ | ২৪১৬.৩২ | ৭৫ | ১৩০৬.০০ | ১৩০৬.০০ | ৫৭ | ৪৫৬.০০ | ৪৫৬.০০ | ১৮ | ৮৫০.০০ |
| ০২ | চট্টগ্রাম | ১৪ | ৩৭০১.৩৩ | ১১ | ১৭০৮.০০ | ১৭০৮.০০ | ০৪ | ১৩৩.০০ | ১৩৩.০০ | ৭ | ১৫৭৫.০০ |
| ০৩ | খুলনা | ৭৫ | ৪৮৩.০০ | ৭৫ | ৪৮৩.০০ | ৪৮৩.০০ | ৫৭ | ২৮৫.০০ | ২৮৫.০০ | ১৮ | ১৯৮.০০ |
| ০৪ | কুষ্টিয়া | ১৯ | ২২০.০০ | ১৯ | ২২০.০০ | ২২০.০০ | ০৩ | ৩২.০০ | ৩২.০০ | ১৬ | ১৮৮.০০ |
| ০৫ | বরিশাল | ৫৩ | ২৪.২৮ | ৫২ | ২৪.২৮ | ২৪.২৮ | ২১ | ৭.২৮ | ৭.২৮ | ৩১ | ১৭.০০ |
| ০৬ | সিলেট | ০৩ | ২৮৩.০০ | ০৩ | ২৮৩.০০ | ২৮৩.০০ | ০০ | ০০ | ০০ | ০৩ | ২৮৩.০০ |
| ০৭ | ফরিদপুর | ০৬ | ১৩.১৭ | ০৬ | ১৩.১৭ | ১৩.১৭ | ০২ | ৫.১৭ | ৫.১৭ | ০৪ | ৮.০০ |
| ০৮ | কুমিল্লা | ০৫ | ২৬.০০ | ০৫ | ২৬.০০ | ২৬.০০ | ০৫ | ২৬.০০ | ২৬.০০ | ০ | ০ |
| ০৯ | ময়মনসিংহ | ০৯ | ৩১.০০ | ০৯ | ৩১.০০ | ৩১.০০ | ০৯ | ৯.০০ | ৯.০০ | ০ | ২২.০০ |
| ১০ | এলপিও | ০১ | ১৪৬৯.৩৭ | ০০ | ২৯৪.০০ | ২৯৪.০০ | ০০ | ০ | ০ | ০ | ২৯৪ |
| মোট ঃ | | ২৭০ | ৮৬৬৭.৪৭ | ২৫৫ | ৪৩৮৮.৪৫ | ৪৩৮৮.৪৫ | ১৫৮ | ৯৫৩.৪৫ | ৯৫৩.৪৫ | ৯৭ | ৩৪৩৫.০০ |

০২। বিকল্প পদ্ধতিতে বিরোধ নিস্পত্তির হার বৃদ্ধির জন্য নিজস্ব পরিকল্পনার পাশাপাশি নিম্নোক্ত কলা-কৌশল অবলম্বন করার পরামর্শ দেয়া হলো ঃ

(ক) দ্বিপাক্ষিক আলোচনার উদ্যোগ ঃ অত্র বিভাগের ১৬-০৮-২০২০ তারিখের ৮৩ নং পত্রমতে প্রত্যেক অঞ্চল হতে মামলা তদারকির জন্য একজন অভিজ্ঞ কর্মকর্তাকে নিয়োজিত করার পরামর্শ দেয়া হয়েছে। উক্ত কর্মকর্তার মাধ্যমে অঞ্চলের সকল অর্থঋণ এবং অন্যান্য মামলার জোর তদারকির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রত্যেক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের সকল মামলার তথ্য রেজিষ্টারে সংরক্ষণ পূর্বক Data base সংশ্লিষ্ট softwate এ মামলার হালনাগাদ তথ্য upload করতে হবে এবং বিকল্প বিরোধ পদ্ধতিতে নিস্পত্তিযোগ্য মামলাসমূহ চিহ্নিত করতঃ দ্বিপাক্ষিক আলোচনার উদ্যোগ গ্রহন করতে হবে। প্রয়োজনে অত্র বিভাগের সহায়তা গ্রহন করা যেতে পারে।

(খ) **মধ্যস্থতা ঃ** অর্থঋণ আদালত আইন-২০০৩ এর অধীনে ব্যাংক কর্তৃক দায়েরকৃত মামলায় বিবাদী তার লিখিত জবাব দাখিলের পর আদালত ধারা ২২-২৫ এর বিধানমতে মধ্যস্থতার মাধ্যমে বিরোধ নিস্পত্তির লক্ষ্যে পক্ষগণের নিকট প্রেরণ করেন। এ পদ্ধতি অনুসরন পূর্বক মামলার দীর্ঘসূত্রিতা নিরসন তথা দ্রুত মামলা নিস্পত্তির উদ্যেগ গ্রহন করতে হবে।

(গ) **পুনরায় বিকল্প পদ্ধতিতে বিরোধ নিস্পত্তির প্রয়াস গ্রহণ ঃ** অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ২২ ধারার অধীন মধ্যস্থতার মাধ্যমে বিকল্প পদ্ধতিতে বিরোধ নিস্পত্তি না হলে আদালত কর্তৃক রায় বা আদেশ প্রদানের পূর্বে মামলার যে কোন পর্যায়ে উভয় পক্ষ আদালতের অনুমতিক্রমে বিকল্প পদ্ধতিতে মামলা নিস্পত্তি করতে পারে। তাছাড়া এ আইনের ৩৮ এবং ৪৪ক ধারার বিধানমতে জারী মামলার পর্যায়ে এমনকি আপিল এবং রিভিশনের পর্যায়েও মধ্যস্থতার মাধ্যমে বিরোধ নিস্পত্তির বিধান থাকায় এই প্রক্রিয়া অনুসরনের মাধ্যমে দীর্ঘদিনের অনিস্পন্ন মামলা নিস্পত্তি পূর্বক শ্রেণীকৃত ঋণ হ্রাসের উদ্যোগ গ্রহন করতে হবে।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক অর্থঋণ আদালতসহ অন্যান্য আদালতে দায়েরতকৃত মামলাসমূহ আদালতের বাহিরে বিকল্প বিরোধ পদ্ধতিতে নিস্পত্তির সকল কলাকৌশল প্রয়োগের মাধ্যমে নিস্পত্তি এবং দায়েরযোগ্য মামলাসমূহ দায়ের পূর্বক মামলায় জড়িত বিপুল পরিমাণ শ্রেণীকৃত ঋণ আদায়/হ্রাসের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জোর প্রচেষ্টা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত,

২৭.১১.2020

(মোহাঃ গোলাম মাহবুব)
সহকারী-মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে)

ইং প্রকা/আইন -১১৮৬/২০২০-২০২১/ ৫৪৮ (৬৫)

তারিখ ঃ - ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা,ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। মূল পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/ মহানথি।

২৭.১১.2020
(মোহাম্মদ ফখরুল হাসান তালুকদার)
সহকারী মহাব্যবস্থাপক

13/Rubina/C:\sabur\bkb law\Law\A. Sabur\circular file\Artha rin Adalat -2018.docx